গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১০৬.৮৫.০০৪.২২.১৬১

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১
১০ জুন ২০২৪

বিষয়: **Permission to organize LEATHERTECH BANGLADESH-2024 Expo**

সূত্র: ASK TRADE & EXHIBITIONS PVT. LTD. এর ২৮ মে ২০২৪ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ASK TRADE & EXHIBITION PVT. LTD. এর উদ্যোগে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি), ঢাকায় ২১-২৩ নভেম্বর ২০২৪ LEATHERTECH BANGLADESH-2024 শীর্ষক আন্তর্জাতিক বাণিজ্য মেলা/প্রদর্শনী আয়োজনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

শর্তাবলী

(ক) মেলা আয়োজনের অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না;

(খ) মেলার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে আবেদনকারী/আবেদনকারী প্রতিষ্ঠানকে মেলা পরিপত্র, ২০২২ এর অনুচ্ছেদ ৪-এ উল্লিখিত হারে অতিরিক্ত ফি পরিশোধ করতে হবে;

(গ) কোন কারণে নির্ধারিত তারিখে মেলা আয়োজন করা সম্ভব না হলে আবেদনকারীকে পুনরায় ফি প্রদান করে আবেদন করতে হবে এবং তা নতুন আবেদন হিসেবে বিবেচিত হবে;

(ঘ) কোন স্থানে মেলা আয়োজন করতে গিয়ে উক্ত ভূমির শ্রেণি পরিবর্তন করা যাবে না;

(ঙ) আমদানি নিষিদ্ধ বা অবৈধভাবে আমদানিকৃত বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্যসামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;

(চ) আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশি পণ্য অথবা যন্ত্রপাতি অথবা সরঞ্জাম মেলায় প্রদর্শন অথবা বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য অথবা যন্ত্রপাতি অথবা সরঞ্জাম বিদ্যমান "আমদানি নীতি আদেশ" অনুসরণ করে আমদানি করতে হবে;

(ছ) মেলায় অশালীন, অসামাজিক ও অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;

(জ) জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতিনীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন বা প্রচার করা যাবে না;

(ঝ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত কোন বিদেশী শিল্পী/মডেল/সেলিব্রেটি মেলায় অংশগ্রহণ করতে পারবে না;

(ঞ) স্থানীয় প্রশাসন এবং আইন-শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন-শৃঙ্খলা রক্ষা করতে হবে;

(ট) কোভিড-১৯ (করোনা) প্রতিরোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি পরিপালন করতে হবে;

(ঠ) অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানকে মেলা আয়োজনে সংশ্লিষ্ট করার ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে;

(ড) দেশীয় পণ্য বা দেশীয় পণ্য উৎপাদনে নিয়োজিত কোম্পানি অথবা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হবে মর্মে প্রতীয়মান হলে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ মেলার অনুমতি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;

(ঢ) শর্ত (ড) ব্যতীত উল্লিখিত শর্তাবলী লঙ্ঘন করলে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলা আয়োজনের অনুমতি বাতিল করতে পারবে।

২. অনুমোদিত প্রদর্শনী আয়োজনে আইনানুগ সহযোগিতা প্রদান করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১০-৬-২০২৪
মুহাম্মদ রেহান উদ্দিন
উপসচিব
ফোন: +৮৮ ০২ ৯১৪৫২০০
ফ্যাক্স: +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল: export7@mincom.gov.bd

জনাব টিপু সুলতান ভূঁইয়া, ব্যবস্থাপনা পরিচালক
ASK TRADE & EXHIBITION PVT. LTD.

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১০৬.৮৫.০০৪.২২.১৬১/১(১০)

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১
১০ জুন ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা
২) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, পল্টন, ঢাকা
৪) অতিরিক্ত সচিব, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) পুলিশ কমিশার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৬) যুগ্মসচিব, রপ্তানি-২ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
৮) মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯) সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০) সভাপতি, এফবিসিসিআই, মতিঝিল, ঢাকা

১০-৬-২০২৪
মুহাম্মদ রেহান উদ্দিন
উপসচিব